# এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল

# কোভিড-১৯ সম্পর্কে মতামতের সংক্ষিপ্ত জরিপ

<u>অংশগ্রহণকারীদের জন্য বার্তার নমুনা:</u>

রেড ক্রস এবং ____________________ জানতে আগ্রহী যে আপনি ইতিমধ্যে কোভিড-১৯ সম্পর্কে কী কী জানেন এবং আর কোন কোন তথ্য জানতে চান।

এই জরিপে স্বাস্থ্য ও তথ্য প্রাপ্তির মাধ্যমগুলি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে এবং এটা সম্পূর্ণ করতে প্রায় ২০ মিনিট সময় লাগবে। আপনার উত্তর আমাদের কোভিড-১৯ সংকটে আরও উন্নত মানের সেবাদান করতে সহায়তা করবে।

জরিপে অংশগ্রহণ করার জন্য অসংখ্য ধন্যবাদ।

অনলাইন জরিপে অংশগ্রহণের জন্য: হাতে যথেষ্ট সময় নিয়ে জরিপ শুরু করবেন যাতে কোনও বিরতি ছাড়াই এটি সম্পূর্ণ করতে পারেন। দয়া করে অন্যান্য সব প্রোগ্রাম (যেমন চ্যাট বা ইমেল) বন্ধ করে দেবেন যাতে জরিপে মনোযোগ দিতে পারেন।

অন্যান্য তথ্য:

1. এই জরিপটি বেনামী তাই আপনার নাম বা ঠিকানা জানতে চাওয়া হবে না। আপনি ও অন্যান্য সকলের থেকে প্রাপ্ত উত্তর আমরা একত্রিত করবো এবং সেই উত্তরগুলি সুরক্ষিতভাবে ও গোপনীয়তা বজায় রেখে সংরক্ষণ করা হবে। আমরা বা আমাদের অংশীদার সংস্থাগুলি ভবিষ্যতে এই উত্তর ব্যবহার করতে পারে, কিন্তু আপনি কোন উত্তরগুলো দিয়েছেন তা কেউ চিহ্নিত করতে পারবে না।
2. আপনি চাইলে যেকোনো সময়, কোনও কারণ না দেখিয়ে, জরিপ থামিয়ে দিতে পারেন।

<u>আমাদের সাথে যোগাযোগ করুন</u>

দায়িত্বপ্রাপ্ত:

XXX

আপনি কী কয়েকটি প্রশ্নের উত্তর দিতে রাজী আছেন?

হ্যাঁ

না (জরিপ বন্ধ করুন)

| |
|---|
| নির্দেশনা: সকল মূল্যায়নেই নিচের প্রশ্নগুলো যোগ করবেন।<br>পরিশিষ্টে আরও প্রশ্ন দেয়া হয়েছে যেগুলি আপনি স্থানীয় প্রেক্ষাপট ও অন্যান্য যে তথ্য সংগ্রহ করতে চান তার ভিত্তিতে যোগ করতে পারেন। এর সাথে যে "রিমোট মূল্যায়ন কীভাবে সম্পন্ন করবেন" সহায়িকাটি দেয়া হয়েছে সেটি দেখুন। |
| **জনসংখ্যাগত তথ্য** |

| নং. | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| 1. | আপনি কোথায় বাস করেন? | শহর<br>প্রদেশ<br>পৌরসভা |
| 2. | আপনার লিঙ্গ কী? | পুরুষ<br>মহিলা<br>অন্যান্য<br>বলতে অনিচ্ছুক |
| 3. | আপনার বয়স কত? | ১২ বছরের কম<br>১৩–১৭ বছর<br>১৮–২৯ বছর<br>৩০–৩৯ বছর<br>৪০–৪৯ বছর<br>৫০–৫৯ বছর<br>৬০–৬৯ বছর<br>৭০–৭৯ বছর<br>৮০ বছরের বেশি |
| 4. | আপনার শিক্ষাগত যোগ্যতা কী? | ৯ বছর বা তার কম স্কুলে শিক্ষাগ্রহণ<br>৯ বছর পর্যন্ত স্কুলে শিক্ষাগ্রহণ<br>অন্তত ১০ বছর (বিশ্ববিদ্যালয়ে ভর্তির যোগ্যতা ছাড়া)<br>অন্তত ১০ বছর (বিশ্ববিদ্যালয়ে ভর্তির যোগ্যতাসহ) |
| 5. | আপনি বাসায় সাধারণত কোন ভাষায় কথা বলেন? | ড্রপডাউন মেনু – এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় ভাষাসহ অন্যান্য বিকল্প। |
| **জ্ঞান এবং আচরণ** | | |

| | | |
|---|---|---|
| 6. | আপনি কি কোভিড-১৯ সম্পর্কে শুনেছেন?<br><br>(একটি উত্তর বেছে নিন)<br><br>"না" অথবা "জানি না" নির্বাচন করা হলে প্রশ্নের পরে প্রদর্শনের জন্য ফিল্টার যোগ করুন<br><br>কোভিড-১৯ রোগ একটি নতুন প্রজাতির করোনা ভাইরাসের কারণে ঘটে। করোনার 'কো', ভাইরাসের 'ভি' এবং ডিজিজের 'ড', এই তিনটি মিলিয়ে কোভিড নামকরণ করা হয়েছে। এই রোগকে আগে '২০১৯ নভেল (নতুন) করোনা ভাইরাস' অথবা '২০১৯-nCoV' নামে ডাকা হত। কোভিড-১৯ সেই একই পরিবারের ভাইরাস যার অন্যান্য সদস্যরা সিভিয়ার অ্যাকিউট রেস্পিরেটরি সিনড্রোম (সার্স) এবং কিছু সাধারণ ধরনের সর্দিজ্বর ঘটায়। এই নতুন করোনা ভাইরাসের কারণে সারা বিশ্বে এক ধরনের শ্বাসযন্ত্রের রোগের প্রাদুর্ভাব ঘটেছে। এই ভাইরাসটি প্রথম ২০১৯ সালে, চীন দেশে ধরা পড়েছিল এবং এরপর তা সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। [দেশ যোগ করুন]সহ বিশ্বব্যাপী লক্ষ লক্ষ মানুষ এই নতুন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং বহু মানুষের মৃত্যুও ঘটেছে। তথ্যসূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউনিসেফ, আইএফআরসি | হ্যাঁ<br><br>না<br><br>জানি না |
| 7. | কোভিড-১৯ কতটা মারাত্মক? (একটি বেছে নিন) | খুব মারাত্মক<br><br>একটু মারাত্মক<br><br>মারাত্মক নয়<br><br>জানি না |
| 8. | কোভিড-১৯ কীভাবে ছড়ায়? (এক বা একাধিক উত্তর বেছে নিন) | রক্ত পরিসঞ্চালন<br><br>সংক্রামিত মানুষের হাঁচি-কাশি থেকে<br><br>বাতাসের মাধ্যমে<br><br>আক্রান্ত মানুষ/পশুর সরাসরি সংস্পর্শে আসলে<br><br>দূষিত বস্তু বা জায়গা স্পর্শ করলে |

| | | |
|---|---|---|
| | | মশার কামড় থেকে<br>দূষিত খাবার খেলে<br>নোংরা পানি খেলে<br>জানি না |
| ৭. | আপনি কীভাবে নিজেকে এবং আপনার পরিবারকে কোভিড-১৯ থেকে রক্ষা করবেন? (এক বা একাধিক উত্তর বেছে নিন)<br><br>এই প্রশ্নের পরে প্রদর্শনের জন্য ফিল্টার যোগ করুন।<br><br>নিজেকে ও আপনার পরিবারকে কোভিড-১৯ থেকে রক্ষা করার জন্য আপনি যা করতে পারেন।<br><br>**a. বারবার হাত ধোয়া**<br><br>অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার দিয়ে নিয়মিত এবং খুব ভালোভাবে হাত পরিষ্কার করা অথবা সাবান ও পানি দিয়ে হাত ধোয়া।<br><br>কেন? সাবান ও পানি অথবা অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার আপনার হাতে থাকা জীবাণু মেরে ফেলে<br><br>**b. সামাজিক দূরত্ব বজায় রাখুন**<br><br>কারো হাঁচি-কাশি হলে তার থেকে অন্তত ১ মিটার (৩ ফুট) দূরত্ব বজায় রাখবেন।<br><br>কেন? যখন কেউ হাঁচি-কাশি দেয়, তখন তাদের নাক-মুখ দিয়ে ছোট ছোট কফ-থুতুর কণা বা ড্রপলেট বাতাসে ছড়িয়ে পড়ে যাতে ভাইরাস থাকতে পারে। আপনি যদি আক্রান্ত ব্যক্তির খুব কাছে থাকেন, আপনার নিঃশ্বাসের | কমপক্ষে ২০ সেকেন্ড ধরে সাবান এবং পানি দিয়ে বা ৭০% অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে বার বার হাত ধুয়ে নিয়ে।<br><br>হাঁচি বা কাশির সময়ে মুখ আর নাক ঢেকে রাখব<br><br>কারো জ্বর বা কাশি হলে তার ঘনিষ্ঠ সংস্পর্শে আসব না<br><br>চোখ, নাক ও মুখ স্পর্শ করব না<br><br>মাংস এবং ডিম ভালোভাবে সিদ্ধ করে নেব<br><br>সুরক্ষা সরঞ্জাম ছাড়া জীবন্ত পশুপাখি এবং তাদের সংস্পর্শে আসা জায়গা ও জিনিসের এড়িয়ে চলব<br><br>বাড়ির ভিতরে থাকব<br><br>কোভিড-১৯ ভাইরাসের বিস্তার রোধ করতে আমার দেশের কর্তৃপক্ষের দেয়া পরামর্শ অনুসরণ করব<br><br>সনাতন ভেষজ ওষুধ ব্যবহার করব<br><br>মাস্ক ব্যবহার করব<br><br>জানি না<br><br>অন্যান্য |

সাথে কোভিড-১৯ ভাইরাসযুক্ত ড্রপলেট আপনার শরীরে প্রবেশ করতে পারে।

**c. আপনার চোখ, নাক এবং মুখ স্পর্শ করবেন না**

কেন? হাত দিয়ে আমরা বিভিন্ন জায়গা স্পর্শ করি এবং এর ফলে হাতে ভাইরাস লেগে থাকতে পারে। হাতে ভাইরাস লেগে থাকলে তা হাত থেকে চোখ, নাক অথবা মুখে বাহিত হতে পারে। সেখান থেকে ভাইরাস আপনার শরীরে প্রবেশ করে আপনাকে অসুস্থ করতে পারে।

**d. হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলুন**

আপনি এবং আপনার আশেপাশের মানুষজন হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলছে কিনা সেদিকে নজর রাখুন। এর অর্থ হল, হাঁচি বা কাশি দেয়ার সময় কনুই ভাঁজ করে বা টিস্যু দিয়ে মুখ এবং নাক ঢেকে রাখা। এরপর ব্যবহৃত টিস্যুগুলো তক্ষুনি ফেলে দিতে হবে।

কেন? হাঁচি-কাশির সময় ছিটে বেরনো কফ-থুতুর ছোট ছোট ফোঁটা বা ড্রপলেট থেকে ভাইরাস ছড়ায়। হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চললে আপনি চারপাশের মানুষদের সর্দিজ্বর, ফ্লু এবং কোভিড-১৯ থেকে রক্ষা করতে পারবেন

**e. যদি আপনার জ্বর, কাশি এবং শ্বাসকষ্ট হয় তবে যত তাড়াতাড়ি সম্ভব চিকিৎসকের পরামর্শ নিন**

অসুস্থ বোধ করলে বাড়ির বাইরে যাবেন না। যদি আপনার জ্বর, কাশি এবং শ্বাসকষ্ট হয় তবে অবিলম্বে ডাক্তার দেখান এবং স্বাস্থ্য কেন্দ্রে যাওয়ার আগে ফোন করে নিন। স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের নির্দেশনা মেনে চলুন।

কেন? জাতীয় এবং স্থানীয় কর্তৃপক্ষের কাছে আপনার এলাকার পরিস্থিতি সম্পর্কে সর্বশেষ তথ্য থাকে। আগে ফোন করে নিলে তারা দ্রুত আপনাকে কোন স্বাস্থ্য কেন্দ্রে যেতে হবে তা বলতে পারবেন। এছাড়াও এটা আপনাকে রক্ষা

| | | |
|---|---|---|
| | করবে এবং ভাইরাস এবং অন্যান্য সংক্রমণ ছড়ানো রোধ করবে।<br><br>**f. সাম্প্রতিকতম খবরাখবর সম্পর্কে ওয়াকিবহাল থাকুন এবং আপনার স্বাস্থ্য সেবা সরবরাহকারীর পরামর্শ মেনে চলুন**<br><br>কোভিড-১৯ এর সর্বশেষ খবরাখবর সম্পর্কে ওয়াকিবহাল থাকুন। নিজেকে এবং অন্যদের কোভিড-১৯ থেকে রক্ষা করতে স্থানীয়, জাতীয় এবং জনস্বাস্থ্য কর্তৃপক্ষের অথবা আপনার নিয়োগকর্তার পরামর্শ মেনে চলুন।<br><br>কেন? জাতীয় এবং স্থানীয় কর্তৃপক্ষের কাছে আপনার এলাকায় কোভিড-১৯ ছড়াচ্ছে কিনা সেই বিষয়ে সর্বশেষ তথ্য থাকবে। আপনার এলাকায় সুরক্ষিত থাকার জন্য কী করণীয় সেই সম্পর্কে সবচেয়ে ভালো পরামর্শ তারাই দিতে পারবে।<br><br>তথ্যসূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউনিসেফ, আইএফআরসি | |
| 10. | সংকটকালে মানুষের মনে ভীতি ও উদ্বেগ দেখা দেয়া স্বাভাবিক। এই মুহূর্তে আপনি কোভিড-১৯ সম্পর্কিত কোন তিনটি বিষয় নিয়ে সবচেয়ে বেশি চিন্তিত?<br><br>প্রতিটি পয়েন্টের জন্য, দয়া করে প্রদত্ত স্কেল ব্যবহার করুন (কখনও চিন্তা করি না; খুব কম চিন্তা করি, খুব বেশি চিন্তা করি)। | আমার কোনও প্রিয়জনকে হারানো<br><br>স্বাস্থ্য ব্যবস্থার ওপর অত্যধিক চাপ<br><br>স্কুল বন্ধ হয়ে যাওয়া<br><br>ছোট ব্যবসা বন্ধ হয়ে যাওয়া<br><br>মন্দা<br><br>খাদ্য পাওয়ার সীমিত সুযোগ<br><br>গণ বিক্ষোভ<br><br>অসুস্থ হয়ে পড়া<br><br>আমার কাজ হারানো<br><br>অন্যান্য: ______ |

| | | |
|---|---|---|
| 11. | আপনি কি মনে করেন যে আপনাদের সম্প্রদায়ের মধ্যে কোভিড-১৯ ছড়ানোর জন্য কোনও নির্দিষ্ট গোষ্ঠী দায়ী? | হ্যাঁ<br>খানিকটা<br>না |
| 12. | (যদি খানিকটা বা হ্যাঁ হয়, পরবর্তী প্রশ্ন করা হবে)<br>কোভিড-১৯ ছড়ানোর জন্য আপনি কোন গোষ্ঠীকে দায়ী বলে মনে করেন? | খোলা প্রশ্ন |
| **তথ্যের সূত্র/মাধ্যমগুলির ওপর বিশ্বাস** | | |
| 13. | কোভিড-১৯ সম্পর্কে আপনি কি ধরনের তথ্য পেয়েছেন? (এক বা একাধিক উত্তর বেছে নিন) | কোভিড-১৯ থেকে কীভাবে নিজেকে রক্ষা করা যায়<br>কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার লক্ষণগুলি<br>কীভাবে কোভিড-১৯ ছড়ায়<br>আপনার যদি কোভিড-১৯ এর লক্ষণগুলি থাকে তাহলে কি করবেন<br>কোভিড-১৯ এর ঝুঁকি এবং জটিলতা<br>অন্যান্য: ____________________ |
| 14. | কোভিড-১৯ সম্পর্কে খবরাখবরের জন্য আপনি কত ঘন ঘন এই তথ্যের সূত্রগুলি ব্যবহার করেন?<br><br>প্রতিটি পয়েন্টের জন্য অনুগ্রহ করে এই স্কেলটি ব্যবহার করুন - কখনো না; খুব কম; মাঝে মাঝে; প্রায়ই; সবসময়। | টিভি<br>মুদ্রিত সংবাদপত্র<br>পরিবার এবং বন্ধুদের সাথে কথোপকথন<br>ওয়েবসাইট বা অনলাইন সংবাদ<br>সোশ্যাল মিডিয়া (যেমন ফেসবুক, টুইটার, ইউটিউব, হোয়াটসঅ্যাপ, লাইন)<br>সার্চ ইঞ্জিন (যেমন গুগল)<br>রেডিও স্টেশন<br>কমিউনিটি স্বাস্থ্যকর্মীরা<br>সম্প্রদায়ের বা ধর্মীয় নেতা<br>কবিরাজ / হাকিম / ওঝা<br>ধাই মা |

| | | |
|---|---|---|
| | | রেড ক্রস রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবক<br>স্বাস্থ্য মন্ত্রণালয়<br>ইউনিসেফ<br>বিশ্ব স্বাস্থ্য সংস্থা<br>অন্যান্য সূত্র, যথা: ______ |
| 15. | এই সূত্রগুলো থেকে পাওয়া কোভিড-১৯ সম্পর্কে তথ্য আপনি কতটা বিশ্বাস করেন?<br><br>প্রতিটি পয়েন্টের জন্য দয়া করে এই স্কেলটি ব্যবহার করুন - খুব সামান্য বিশ্বাস করি; মোটামুটি বিশ্বাস করি; খুব বেশি বিশ্বাস করি। | টিভি<br>মুদ্রিত সংবাদপত্র<br>পরিবার এবং বন্ধুদের সাথে কথোপকথন<br>ওয়েবসাইট বা অনলাইন সংবাদ<br>সোশ্যাল মিডিয়া (যেমন ফেসবুক, টুইটার, ইউটিউব, হোয়াটসঅ্যাপ, লাইন)<br>সার্চ ইঞ্জিন (যেমন গুগল)<br>রেডিও স্টেশন<br>কমিউনিটি স্বাস্থ্যকর্মীরা<br>সম্প্রদায়ের বা ধর্মীয় নেতা<br>কবিরাজ / হাকিম / ওঝা<br>ধাই মা<br>রেড ক্রস রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবক<br>স্বাস্থ্য মন্ত্রণালয়<br>ইউনিসেফ<br>বিশ্ব স্বাস্থ্য সংস্থা<br>অন্যান্য সূত্র, যথা: ______ |
| 16. | এই মুহূর্তে আপনি কোন ধরনের তথ্য জানতে চান? (এক বা একাধিক উত্তর বেছে নিন) | কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার লক্ষণগুলি<br><br>অন্যদের ব্যক্তিগত কাহিনী যে তারা কীভাবে এই রোগের মোকাবেলা করেছে |

| | | |
|---|---|---|
| | | কোভিড-১৯ এর টিকা আবিষ্কার সম্পর্কে তথ্য<br><br>কোভিড-১৯ এর চিকিৎসা আবিষ্কার সম্পর্কে তথ্য<br><br>আমি কিভাবে আমার দেশে রোগের বিস্তার রোধ করতে পারি<br><br>ঝুঁকিতে থাকা মানুষের কীভাবে দেখাশুনা করব<br><br>আমি বা পরিবারের কারো লক্ষণ দেখা দিলে কী করব<br><br>আমার সন্তানদের লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য কি করতে পারি<br><br>ভ্রমণ নিষেধাজ্ঞা সম্পর্কিত তথ্য<br><br>[*] হ্যাঁ<br><br>[*] না<br><br>অন্যান্য, অনুগ্রহ করে উল্লেখ করুন... |
| 17. | আপনার কি কোভিড-১৯ সংক্রান্ত তথ্য সঠিক কিনা তা বুঝতে সমস্যা হয়? যেমন, রোগ প্রতিরোধ বা আরোগ্যের উপায় সম্পর্কে তথ্য।<br><br>যদি হ্যাঁ হয়, আপনি কোনও উদাহরণ দিতে পারেন: | [খোলা প্রশ্ন] |
| **অংশগ্রহণ / সম্পর্ক** | | |
| 18. | যদি আমরা আপনার মতামত এবং কোভিড-১৯ সম্পর্কে উদ্বেগের জবাব দিতে চাই, তাহলে কিভাবে আপনার সাথে যোগাযোগ করব? | ফোন কল<br>টেক্সট মেসেজ<br>ফেসবুক চ্যাট বক্স<br>মেসেঞ্জার অ্যাপ গ্রুপ (লাইন, হোয়াটসঅ্যাপ)<br>ইমেল |

| | | |
|---|---|---|
| | | অন্যান্য (উল্লেখ করুন) |
| 19. | কীভাবে এই রোগ সম্পর্কে তথ্য প্রদান আরও উন্নত করা যায় সে ব্যাপারে আপনার কাছে কোনও পরামর্শ আছে? | খোলা প্রশ্ন |
| 20. | সম্প্রদায়ের মানুষদের নিয়ে এমন কোনও কার্যকলাপের পরামর্শ দিতে পারেন যা রোগের বিস্তার রোধ করতে বা তার ক্ষয়ক্ষতি কমাতে পারে? | খোলা প্রশ্ন |
| 21. | রেড ক্রস রেড ক্রিসেন্ট যেভাবে কোভিড-১৯ সম্পর্কে তথ্য প্রদান করছে সেক্ষেত্রে কি কিছু উন্নতি করা যেতে পারে?<br>(খোলা প্রশ্ন) | |
| 22. | জরিপের সমাপ্তি | আপনাকে অনেক ধন্যবাদ!<br>আপনার উত্তর সকলের কাছে কোভিড-১৯ সম্পর্কে প্রয়োজনীয় এবং সময়োপযোগী তথ্য পৌঁছে দিতে আমাদের সাহায্য করবে।<br>কোভিড-১৯ সম্পর্কে তথ্যের জন্য, দয়া করে নিম্নলিখিত ওয়েবসাইটগুলি দেখুন:<br>XXX আপনার স্থানীয় নির্ভরযোগ্য তথ্যসূত্রগুলি।<br>এই জরিপ সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে এখানে যোগাযোগ করুন XX।<br>আপনার উত্তর জমা দিতে 'চালিয়ে যান' ক্লিক করুন। |

পরিশিষ্ট: ঐচ্ছিক প্রশ্নাবলী

| **জনসংখ্যাগত** | | |
|---|---|---|
| নং. | প্রশ্ন | উত্তর |
| 23. | সাক্ষাৎকারদাতার পেশা: | বেতন বা মজুরির বিনিময়ে নিযুক্তি<br>স্ব-নিযুক্ত<br>বেকার ও কাজ খুঁজছেন<br>বেকার কিন্তু বর্তমানে কাজ খুঁজছেন না<br>গৃহিনী<br>শিক্ষার্থী<br>সেনাবাহিনী<br>অবসরপ্রাপ্ত<br>কাজ করতে অক্ষম |
| **জ্ঞান** | | |
| নং. | প্রশ্ন | উত্তর |
| 24. | কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার প্রধান লক্ষণগুলো কী? (এক বা একাধিক উত্তর বেছে নিন) | জ্বর<br>কাশি<br>শ্বাসকষ্ট<br>গলা ব্যথা<br>মাংসপেশীতে ব্যথা<br>মাথাব্যথা<br>ডায়রিয়া<br>কোনও লক্ষণ থাকে না<br>অন্যান্য: ____________________<br>জানি না |
| 25. | আপনার কি মনে হয় আপনার কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি? | হ্যাঁ<br>না<br>জানি না |

| | | |
|---|---|---|
| | (একটি বিকল্প বেছে নিন) | |
| 26. | আপনার কি মনে হয় আপনার সম্প্রদায়ের মধ্যে কোভিড-১৯ এর বিস্তার রোধ করা জরুরি? (একটি বেছে নিন) | হ্যাঁ<br>না<br>খানিকটা<br>জানি না |
| 27. | যদি আপনার বা আপনার পরিবারের কারো কোভিড-১৯ এর লক্ষণ থাকে, আপনি কি করবেন? (এক বা একাধিক উত্তর বেছে নিন) | কোনও অভিজ্ঞ আত্মীয়কে জিজ্ঞাসা করবো যে কি করতে হবে<br>হাসপাতাল বা স্বাস্থ্য কেন্দ্রে যাব<br>পাড়ার নার্সের কাছে যাব<br>বাজার থেকে ওষুধ কিনে খাবো<br>কোনও সনাতন চিকিৎসকের (কবিরাজ / হাকিম / ওঝা) কাছে যাব<br>কোয়ারেন্টাইনে থাকব<br>অন্যান্য: ________________________________ |
| 28. | আপনার সাধারণ ফ্লু হলে আপনি সাধারণত কী করেন? (সর্বাধিক ২টি উত্তর বেছে নিন) | কিছু না। আমি আমার স্বাভাবিক জীবন যাপন করি এবং কিছু দিন পরে ফ্লু সেরে যায়<br>আমি বাড়িতে থাকি, যাতে অন্যদের সংক্রামিত না করি<br>মাস্ক পরি<br>আমি সুস্থ না হওয়া পর্যন্ত চা খেতে থাকি<br>আমি আমার প্রতিবেশীদের কাছ থেকে পরামর্শ নিই<br>আমি স্থানীয় হাকিম / বৈদ্যদের থেকে পরামর্শ নিই<br>আমি স্বাস্থ্য কেন্দ্রে যাই<br>অন্যান্য: ____________________ |
| 29. | কোভিড-১৯ এর আগে আপনি ফ্লু ও অন্যান্য রোগ সম্পর্কে তথ্য কোথা থেকে পেতেন? (এক বা | টিভি<br>মুদ্রিত সংবাদপত্র<br>পরিবার এবং বন্ধুদের সাথে কথোপকথন<br>ওয়েবসাইট বা অনলাইন সংবাদ |

| | | |
|---|---|---|
| | একাধিক উত্তর বেছে নিন) | সোশ্যাল মিডিয়া (যেমন ফেসবুক, টুইটার, ইউটিউব, হোয়াটসঅ্যাপ, লাইন)<br>সার্চ ইঞ্জিন (যেমন গুগল)<br>রেডিও স্টেশন<br>কমিউনিটি স্বাস্থ্যকর্মীরা<br>সম্প্রদায়ের বা ধর্মীয় নেতা<br>কবিরাজ / হাকিম / ওঝা<br>ধাই মা<br>রেড ক্রস রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবক<br>স্বাস্থ্য মন্ত্রণালয়<br>ইউনিসেফ<br>বিশ্ব স্বাস্থ্য সংস্থা<br>অন্যান্য সূত্র, যথা: ______ |
| 30. | আপনি কোন ভাষায় লিখিত তথ্য পেতে পছন্দ করেন? | খোলা প্রশ্ন |
| 31. | আপনি কোন ভাষায় মৌখিক তথ্য পেতে পছন্দ করেন? | খোলা প্রশ্ন |